
# জাতি গঠনে খালেদা জিয়ার অবদান চিরস্মরণীয়: সজীব ওয়াজেদ জয়



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন শেখ হাসিনার ছেলে ও সাবেক তথ্য ও প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। তিনি বলেন, দেশের এই সংকটময় সময়ে তার চলে যাওয়া বাংলাদেশের স্থিতিশীলতার পথে এক বড় ধাক্কা।

আজ মঙ্গলবার সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক একাউন্টে দেওয়া এক পোস্টে তিনি জানান, খালেদা জিয়ার মৃত্যুতে তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

সজীব ওয়াজেদ জয় বলেন, “এই সংকটময় সময়ে, যখন সাধারণ মানুষ নিরাপত্তাহীনতায় ভুগছেন এবং দেশের অস্থিতিশীল অবস্থা আরও জোরালো হচ্ছে, তার এই চলে যাওয়া দেশের উত্তরণের পথে এক গভীর প্রভাব ফেলবে।”

LENS ASIA

তিনি আরও বলেন, “অতীতের বিভিন্ন রাজনৈতিক চ্যালেঞ্জের মধ্যে দিয়ে গেলেও, খালেদা জিয়া তার দীর্ঘ রাজনৈতিক জীবনে অসংখ্য সাফল্য অর্জন করেছেন এবং দেশের জন্য গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণ করেছেন। তার অবদান জাতি গঠনে চিরস্মরণীয় হয়ে থাকবে।